# ট্রানজিশন: পরবর্তী ধাপ

## আমার সন্তানের বয়স যখন তিন বছর হবে তখন কি হবে?



*Individuals With Disabilities Education Act (প্রতিবন্ধী শিক্ষা আইন, IDEA) পার্ট সি-এর অধীনে প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা থেকে ট্রানজিশনের জন্য একটি নির্দেশিকা।*

এর জন্য টাকা যোগান দেয় Washington State Department of Children, Youth, and Families (শিশু, যুবক এবং পরিবারদিগের ওয়াশিংটন রাজ্য বিভাগ), Early Support for Infants and Toddlers (শিশু এবং বড় বাচ্চাদের প্রাথমিক সহায়তা)।

Washington State Department of
CHILDREN, YOUTH & FAMILIES

# ট্রানজিশন কি?

আপনার সন্তানের বয়স যখন তিন বছর হবে, প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবাগুলি শেষ হয়ে যাবে এবং নতুন পরিষেবা এবং সহায়তা উপলব্ধ হতে পারে। পরিবর্তনের এই প্রক্রিয়াটি অনেক ট্রানজিশনের মধ্যে একটি যা আপনার সন্তান এবং পরিবারের সাথে সারা জীবন ঘটবে।

আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের ছয় থেকে নয় মাস আগে, আপনি আপনার family resources coordinator (একজন পরিবার সম্পদ সমন্বয়কারী, FRC) এবং আপনার টিমের সাথে প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবা বা অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা এবং সহায়তায় পরিবর্তনের পরিকল্পনা করার কাজ শুরু করবেন। পরিবার এবং পরিষেবা প্রদানকারী একত্রে এই প্রক্রিয়ার মধ্য দিয়ে যায় একটি যাত্রা করবে যা একটি ট্রানজিশন মিটিংয়ের দিকে নিয়ে যাবে।

# ট্রানজিশন মিটিংয়ের উদ্দেশ্য কি?

Individualized Family Service Plan (স্বতন্ত্র পরিবার পরিষেবা পরিকল্পনা, IFSP) মিটিং চলাকালীন, আপনি এবং আপনার প্রারম্ভিক হস্তক্ষেপ টিম দ্বারা একটি লিখিত ট্রানজিশন পরিকল্পনা তৈরি করা হবে যা আপনাকে ট্রানজিশন প্রক্রিয়ার মাধ্যমে গাইড করতে সহায়তা করবে।

The Individuals with Disabilities Education Act (প্রতিবন্ধী শিক্ষা আইন, IDEA) পার্ট সি-তে আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের আগে ট্রানজিশনের জন্য একটি লিখিত পরিকল্পনা প্রয়োজন।

# আমরা কখন ট্রানজিশনের পরিকল্পনা শুরু করব?

## আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের ছয় থেকে নয় মাস আগে:

ট্রানজিশন পরিকল্পনা শুরু হবে। আপনার FRC আপনার সন্তানের তিন বছর বয়সে ট্রানজিশনের পরিকল্পনা শুরু করতে আপনার এবং আপনার স্কুল ডিস্ট্রিক্ট বা অন্যান্য কমিউনিটি-ভিত্তিক প্রোগ্রামগুলির মধ্যে যোগাযোগের সুবিধা দেবে।

## আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের অন্তত তিন মাস আগে, একটি ট্রানজিশন পরিকল্পনা মিটিং হবে:

মিটিংয়ের অংশ হিসেবে আপনি স্কুল ডিস্ট্রিক্ট প্রতিনিধির সাথে দেখা করবেন। তারা আপনার সন্তান প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য কিনা তা নির্ধারণ করতে কি হবে সেটা ব্যাখ্যা করবে।

যদি আপনার সন্তান স্কুল ডিস্ট্রিক্ট দ্বারা নির্ধারিত প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্যতা অর্জন করে, তবে Individualized Education Program (ব্যক্তিগতকৃত শিক্ষামূলক কার্যক্রম, IEP) এর মাধ্যমে পরিষেবা প্রদান করা হবে।

আপনি যদি প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবা না নিতে চান তাহলে স্কুল ডিস্ট্রিক্ট প্রতিনিধির সাথে মিটিং নির্ধারিত হবে না।

# ট্রানজিশন পরিকল্পনা কি?

একটি ট্রানজিশন পরিকল্পনা শনাক্ত করে যে আপনি, আপনার FRC এবং আপনার প্রাথমিক হস্তক্ষেপ দল কিভাবে আপনার সন্তান এবং পরিবারকে তিন বছর বয়সে প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার বাইরে যেতে সাহায্য করবে। আপনার সন্তান যখন আপনার স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টের প্রি-স্কুল বিশেষ শিক্ষা প্রোগ্রাম বা অন্যান্য কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলিতে প্রবেশ করে, বা সহায়তা এবং পরিষেবাগুলি ত্যাগ করে তখন কি ধরনের সহায়তা, পদক্ষেপ এবং পরিষেবাগুলির প্রয়োজন হবে তা পরিকল্পনাটি বর্ণনা করে কারণ আপনার সন্তান আর যোগ্য নয়।।

# আমার সন্তানের জন্য পরবর্তী কি রয়েছে?

## আমার সন্তানের ট্রানজিশন পরিকল্পনা তৈরি করা:

আপনি এবং আপনার প্রাথমিক হস্তক্ষেপ দল পরিকল্পনাটি উন্নত করতে একসাথে কাজ করবে। এই দলে আপনি, আপনার FRC, যারা এখন আপনার সন্তানের সাথে কাজ করেন, অন্যান্য ব্যক্তি যাদের সাথে আপনি জড়িত হতে চান এবং যারা ভবিষ্যতে আপনার সন্তানের সাথে জড়িত হতে পারেন তারা অন্তর্ভুক্ত। টিম আপনার সন্তানের অগ্রগতি এবং চাহিদা দেখবে। FRC ট্রানজিশন পরিকল্পনার উন্নয়নের সমন্বয় করে।

## আমার সন্তানের বয়স তিন বছর হলে ট্রানজিশনের পর তার জন্য কোন পরিষেবা পাওয়া যেতে পারে?

আপনার সন্তানের প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন কিনা তার ওপর নির্ভর করে। আপনার শিশু প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য কিনা তা আপনার স্কুল ডিস্ট্রিক্ট নির্ধারণ করবে। যদি আপনার সন্তান যোগ্য হয়, তাহলে বিভিন্ন পরিষেবা সেটিং বিকল্পগুলি উপলব্ধ হতে পারে, যেমন কমিউনিটি প্রোগ্রাম, হেড স্টার্ট, Early Childhood Education and Assistance Program (প্রারম্ভিক শৈশবের শিক্ষা এবং সহায়তা প্রোগ্রাম, ECEAP), বা ডিস্ট্রিক্ট - ভিত্তিক, preschool special education program (প্রিস্কুল বিশেষ শিক্ষা প্রোগ্রাম)। IEP এর মাধ্যমে বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা প্রদান করা হবে। FRC ট্রানজিশন পরিকল্পনা মিটিং সমন্বয় করে। স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানের IEP বিকাশের জন্য একটি মিটিং করবে।

আপনি আপনার FRC কে IEP মিটিংয়ে আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ করতে পারেন। আপনি IEP মিটিংয়ে সহায়তার জন্য আপনার সাথে আপনার পছন্দের একজন বন্ধু, পরিবারের সদস্য বা অন্য কমিউনিটির সদস্যকে আনতে পারেন। আপনার কাছে যদি Developmental Disabilities Administration (ক্রমবিকাশমান প্রতিবন্ধী প্রশাসন, DDA) কেস ম্যানেজার বা Children with Special Health Care Needs (বিশেষ স্বাস্থ্য পরিচর্যার প্রয়োজন থাকা শিশু, CSHCN) সমন্বয়কারী থাকে, আপনি তাদেরও আমন্ত্রণ জানাতে পারেন। আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের আগে একটি IEP মিটিং হবে এবং একটি IEP আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের দিন হবে। IEP মিটিং প্রতি বছর নির্ধারিত হয়। আপনি বা স্কুলের কর্মীরা যখনই আপনার সন্তানের প্রোগ্রাম নিয়ে আলোচনা করার প্রয়োজন মনে করবে তখন আপনি একটি IEP মিটিং অনুরোধ করতে পারেন।

## আমার সন্তান প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্যতা অর্জন না করলে কি হবে?

যদি আপনার সন্তান প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য না হয়, আপনার FRC আপনার সন্তানের জন্য উপলব্ধ অন্যান্য সম্ভাব্য বিকল্পগুলি সনাক্ত করতে আপনার সাথে কাজ করবে, যেমন Head Start, ECEAP অথবা অন্যান্য কমিউনিটি প্রোগ্রাম।

# ট্রানজিশন প্রক্রিয়ায় আমাদের ভূমিকা কি?

## আপনি আপনার সন্তান এবং আপনার পরিবারকে সহজে কিভাবে ট্রানজিশনে সাহায্য করাতে পারেন তার টিপস:

- আপনি আপনার সন্তানের জন্য কি চান সে সম্পর্কে কথা বলতে মিটিংয়ে অংশগ্রহণ করুন।
- মিটিং এর নোট নিন।
- সংস্থান এবং পরিষেবা অন্বেষণ।
- আপনার সন্তানের কার্যকলাপ এবং আগ্রহ সম্পর্কে একটি নোটবুক রাখুন। আপনার সন্তানের জন্ম সার্টিফিকেট, ইমিউনাইজেশন রেকর্ড, মেডিকেল রিপোর্ট, ফটোগ্রাফ, গুণ, মূল্যায়ন এবং অতীতের IFSP অন্তর্ভুক্ত করুন। আপনার সন্তানের ছবি ব্যক্তিগত ঘটনা এবং তথ্যে সাহায্য করে।
- আপনার সন্তানের পক্ষে ওকালতি করতে কি সহায়ক হতে পারে? আপনি তার প্রয়োজন সবচেয়ে ভালোভাবে জানেন। আপনার সন্তানের কাছ থেকে কি আশা করবেন তা জানুন এবং আপনার সন্তানের জন্য সেই পরিষেবাগুলি পেতে স্কুল ডিস্ট্রিক্ট এবং IEP টিমের সাথে কাজ করুন।

# ট্রানজিশনের পরে আমার পরবর্তী পদক্ষেপগুলি কি হবে?

আপনার ডিস্ট্রিক্টে পারিবারিক সহায়তা গ্রুপ Parent Teacher Student Association (মাতাপিতা শিক্ষক শিক্ষার্থীদের সমিতি, PTSA) বা Special Education Parent Advisory Council (বিশেষ শিক্ষার মাতাপিতাদের উপদেষ্টা পরিষদ, SEPAC) আছে কিনা জিজ্ঞাসা করুন। আপনার উদ্বেগ থাকলে সহায়তা করার জন্য ডিস্ট্রিক্টে কোনো পারিবারিক পরিষেবা কর্মী, সমাজকর্মী, বা স্কুল মনোবিজ্ঞানী আছে কিনা তা জিজ্ঞাসা করুন। মনে রাখবেন যে একজন অভিভাবক হিসেবে, আপনি নিজের এবং আপনার সন্তানের জন্য সমর্থন থেকে উপকৃত হতে পারেন যখন আপনার পরিবার ট্রানজিশনের প্রক্রিয়ার মধ্য দিয়ে যায়।

# আমাদের আর কি তথ্য জানা প্রয়োজন?

বর্তমানে আপনার সন্তান যদি DDA থেকে পরিষেবার জন্য যোগ্য হয়, তাহলে আপনার সন্তানের চার বছর বয়স হওয়ার আগেই পরিষেবাগুলির জন্য যোগ্যতা পুনরায় নির্ধারণ করতে হবে। আপনার জন্য এই ট্রানজিশন প্রক্রিয়া চলাকালীন প্রাথমিক হস্তক্ষেপের মূল্যায়ন, ট্রানজিশনের তথ্য এবং স্কুল ডিস্ট্রিক্ট মূল্যায়ন প্রতিবেদন DDA-এর সাথে শেয়ার করা গুরুত্বপূর্ণ। **DDA-তে এই তথ্য প্রকাশ করার জন্য আপনার সম্মতি স্কুল ডিস্ট্রিক্ট থেকে ট্রানজিশন প্ল্যানিং মিটিংয়ে করা যেতে পারে।** যদি আপনার সন্তানের অব্যাহত যোগ্যতা নির্ধারণের তথ্য না পাওয়া যায়, তাহলে আপনার সন্তানকে চার বছর বয়সে DDA পরিষেবা থেকে বাদ দেওয়া হবে।

# আমি আরও সাহায্য বা তথ্যের জন্য কোথায় যেতে পারি?



The Department of Children, Youth & Families (শিশু, যুব ও পরিবারসমূহের বিভাগ) Early Support for Infants and Toddlers (শিশু, যুব ও পরিবারসমূহের বিভাগ, ESIT) প্রোগ্রাম IDEA পার্ট সি প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবাগুলির স্টেটব্যাপী ব্যবস্থাকে নির্দেশ করে।

**esit@dcyf.wa.gov**
**www.dcyf.wa.gov**

আরও তথ্যের জন্য এবং family resources coordinator (একজন পরিবার সম্পদসমন্বয়কারী, FRC) কাছে রেফারেলের জন্য আপনার স্থানীয় এলাকায় FRC-এর নামের জন্য Help Me Grow Washington-এর সাথে যোগাযোগ করুন।

1-800-322-2588

Washington State Fathers Network at Kindering Center (কিন্ডারিং সেন্টারে ওয়াশিংটন স্টেটের পিতাদের নেটওয়ার্ক). যাদের বিশেষ চাহিদাসম্পন্ন শিশু আছে সেই সমস্ত পুরুষ এবং পরিবারের জন্য ওকালতি এবং সমর্থন এবং সংস্থান প্রদান করে।

(425) 653-4286

**www.fathersnetwork.org**

PAVE হল একটি স্টেটব্যাপী অভিভাবক প্রশিক্ষণ এবং তথ্য কেন্দ্র যাদের শিশুরা জন্মের সময় থেকে প্রাপ্তবয়স্ক পর্যন্ত প্রতিবন্ধী।

1-800-572-7368 (800-5 PARENT)

**www.wapave.org**

Washington স্টেট প্যারেন্ট টু প্যারেন্ট একটি স্টেটওয়াইড প্যারেন্ট নেটওয়ার্ক যা প্রতিবন্ধী বা বিকাশগত বিলম্বিত সন্তানের অভিভাবকদের মানসিক সহায়তা এবং তথ্য প্রদান করে।

1-800-821-5927

**www.arcwa.org/parent-to-parent**

দ্যা আর্চ অফ Washington স্টেট উন্নয়নমূলক প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের পরিবারের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্বয়ংসম্পূর্ণতা, স্ব-এ্যাডভোকেসি, অন্তর্ভুক্তি এবং পছন্দের প্রচার করে।

1-888-754-8798

**www.arcwa.org**

The Office of Superintendent of Public Instruction (পাবলিক ইন্সট্রাকশন সুপারিনটেনডেন্ট অফিস) এর শিশুদের পরিবারের জন্য একটি সহায়ক ওয়েবসাইট রয়েছে যারা এখানে বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা পায়: **www.K12.wa.us/SpecialEd/Families/default.aspx**


**The Washington স্টেট Department of Children, Youth & Families (শিশু, যুব ও পরিবারসমূহের বিভাগ) Early Support for Infants and Toddlers (শিশু এবং বড় বাচ্চাদের প্রাথমিক সহায়তা প্রোগ্রাম)**

PO Box 40970
Olympia WA 98504-0970
**esit@dcyf.wa.gov**
**www.dcyf.wa.gov/services/child-development-supports/esit**



*সকল প্রোগ্রাম এবং কার্যকলাপে বৈষম্য নিষিদ্ধ। জাতি, বর্ণ, ধর্ম, ধর্মবিশ্বাস, জাতীয় উৎস, লিঙ্গ, বয়স বা প্রতিবন্ধকতার ভিত্তিতে কাউকে বাদ দেওয়া হবে না।*

*আপনি যদি একটি বিকল্প ফরম্যাট বা ভাষায় এই নথির অনুলিপি চান, তাহলে অনুগ্রহ করে DCYF Constituent Relations (কনষ্টিটুয়েন্ট রিলেশনস) সাথে যোগাযোগ করুন (1-800-723-4831 | 360-902-8060,* ***ConstRelations@dcyf.wa.gov****).*



DCYF PUBLICATION FS_0004 | DEL 11-013 BN (07-2023) Bengali